

“শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ”

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড

৮/সি, শেরেবাংলা নগর
আগারগাঁও, ঢাকা - ১২০৭
www.bteb.gov.bd

নং ৫৭.১৭.০০০০.১০২.২৭.০৩৮.১৭-৪৯৬

তারিখঃ ২১-১১-২০১৭ খ্রিঃ

অফিস আদেশ

যেহেতু, জনাব মোঃ রজব আলী, উচ্চমান সহকারি (সাময়িক বরখাস্ত)-এর বিরুদ্ধে সার্টিফিকেট জালিয়াতি সংক্রান্ত অভিযোগের কারণে বোর্ডের কর্মচারি চাকুরী প্রবিধানমালা এসআরও নং-৩৩১/আইন এর ৩৬ ধারার আওতায় প্রবিধানের ৪১ ধারা মোতাবেক বোর্ডের স্মারক নং-৫৭.১৭.০০০০.১০২.২৭.০০৩.১৭-২২৬, তাং ৮-৬-২০১৭ মোতাবেক সাময়িক বরখাস্ত করা হয় এবং বোর্ডের স্মারক নং-৫৭.১৭.০০০০.১০২.২৭.০৩৮.১৭-৩৩৬/১, তাং ১০-০৮-২০১৭ মোতাবেক একটি বিভাগীয় মামলা (মামলা নং ০৫/২০১৭) রুজু করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

২। যেহেতু, উক্ত অভিযোগের প্রেক্ষিতে স্মারক নং-৫৭.১৭.০০০০.১০২.২৭.০৩৮.১৭-২৫৫, তাং-০২-০৭-২০১৭ মোতাবেক অভিযোগ নামা ও অভিযোগ বিবরণী প্রেরণ করা হয়; এবং

৩। যেহেতু, উক্ত অভিযোগের প্রেক্ষিতে অভিযুক্ত জনাব মোঃ রজব আলী, উচ্চমান সহকারি (সাময়িক বরখাস্ত) ২৩-০৭-২০১৭ তারিখে লিখিত জবাব দাখিল করেন এবং ০৬-০৮-২০১৭ তারিখে ব্যক্তিগত শুনানি প্রদান করেন। উক্ত জবাবের ও ব্যক্তিগত শুনানির বক্তব্য সন্তোষজনক না হওয়ায় অভিযোগ সমূহ তদন্ত করার জন্য স্মারক নং-৫৭.১৭.০০০০.১০২.২৭.০৩৮.১৭-৩৩৬/১, তাং-১০-০৮-২০১৭ মোতাবেক কর্তৃপক্ষ তিন সদস্য বিশিষ্ট তদন্ত কমিটি (১. জনাব মোঃ খোরশেদ আলম, উপ-পরীক্ষা নিয়ন্ত্রক, সনদ-আহবায়ক ২. জনাব মোঃ আবুল হোসেন উপ-পরিদর্শক-সদস্য-সচিব এবং ৩. জনাব কে এম ওয়াইদুর রহমান, স্টোর অফিসার-সদস্য) গঠন করা হয়; এবং

৪। যেহেতু, উক্ত তদন্ত কমিটি অভিযোগ সমূহ তদন্ত করে ০১-১১-২০১৭ তারিখ তদন্ত প্রতিবেদন দাখিল করে। প্রতিবেদন অনুযায়ী অভিযুক্তের বিরুদ্ধে (জনাব মোঃ রজব আলী, উচ্চমান সহকারি, সাময়িক বরখাস্ত) সার্টিফিকেট জালিয়াতির মাধ্যমে প্রতারণা করে চাকুরি গ্রহণের অভিযোগ প্রমাণিত হয়েছে; এবং

৫। যেহেতু, তদন্ত বোর্ডের উপরোক্ত তদন্ত প্রতিবেদন ও বিভাগীয় মামলার সহিত সংশ্লিষ্ট কাগজ-পত্র পর্যালোচনায় করে অভিযুক্ত কর্মচারি জনাব মোঃ রজব আলী, উচ্চমান সহকারি (সাময়িক বরখাস্ত)-কে বোর্ডের কর্মচারি চাকুরী প্রবিধানমালা এসআরও নং-৩৩১/আইন এর ৩৬ (আ)(চ) ধারা মোতাবেক চাকুরী হতে অপসারণ (removal from service) করার প্রাথমিক সিদ্ধান্ত গ্রহণ করে স্মারক নং ৫৭.১৭.০০০০.১০২.২৭.০৩৮.১৭-৪৬৯, তারিখঃ ০৮-১১-২০১৭ খ্রিঃ মোতাবেক ২য় কারণ দর্শানো নোটিশ জারি করা হয়; এবং

৬। যেহেতু, বোর্ডের কর্মচারি চাকুরী প্রবিধানমালা এসআরও নং-৩৩১/আইন এর ৩৬(আ)(চ) ধারা মোতাবেক বোর্ড কর্তৃপক্ষের সম্মতি প্রেক্ষিতে অভিযুক্ত কর্মচারি জনাব মোঃ রজব আলী, উচ্চমান সহকারি (সাময়িক বরখাস্ত)-কে তার কৃত অপরাধের জন্য বোর্ডের চাকুরী হতে অপসারণ (removal from service) করার সিদ্ধান্ত গৃহীত হয়;

৭। এক্ষণে, যেহেতু, বোর্ডের কর্মচারি চাকুরী প্রবিধানমালা এসআরও নং-৩৩১/আইন এর ৩৬(আ)(চ) ধারা মোতাবেক জনাব মোঃ রজব আলী, উচ্চমান সহকারি (সাময়িক বরখাস্ত)-কে দোষী সাব্যস্ত করে বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের চাকুরী হতে অপসারণ (removal from service) করা হ'ল।

৮। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

(মোঃ মোস্তাফিজুর রহমান)

চেয়ারম্যান